

তারিখ: ০৮ এপ্রিল ২০২৬ ই.

ডিড (Agreement) বাতিলকরণ সংক্রান্ত আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি

শারীয়াহ অ্যাডভাইজরি এন্ড রিসার্চ কাউন্সিল (এসএআরসি) একটি স্বীকৃত শারীয়াহ কনসালটেন্সী প্রতিষ্ঠান এবং এ্যাগ্রো নেক্সট (Agro Next) একটি মুদারাবা ভিত্তিক ব্যবসায় পরিচালনাকারী প্রতিষ্ঠান এর মধ্যে ২৩ মে ২০২৫ইং তারিখে একটি আনুষ্ঠানিক কনসালটেন্সি চুক্তি (Consultancy Deed/Agreement) সম্পাদিত হয়েছিল। উক্ত চুক্তির আওতায় এ্যাগ্রো নেক্সট তাদের ব্যবসায়িক প্রজেক্টসমূহ বাস্তবায়নে এসএআরসি-এর শারীয়াহ পরামর্শ গ্রহণে সম্মত হয়।

প্রেক্ষাপট ও পর্যবেক্ষণ:

চুক্তির কাঠামোগত সীমাবদ্ধতার কারণে এসএআরসি-এর জন্য প্রত্যক্ষ তদারকি (Supervision) এর অধিকার সংরক্ষিত না থাকায়, শুরু থেকেই প্রকল্পগুলোতে কার্যকর তদারকি পরিচালনার সুযোগ সীমিত ছিল। যেমন নতুন প্রজেক্টের শুধুমাত্র শারীয়াহ অনুমোদন দেওয়ার দায়িত্ব ছিল। সুপার ভিশনের দায়িত্ব ছিল না।

পরবর্তীতে ৩০ ডিসেম্বর ২০২৫ইং তারিখে এ্যাগ্রো নেক্সট পরিচালিত একাধিক মুদারাবা প্রজেক্টের কার্যক্রম, বিনিয়োগকারীদের সাথে যোগাযোগের ধরন এবং শারীয়াহ নীতিমালা প্রতিপালনের ক্ষেত্রে গুরুতর অসংগতি ও বিচ্যুতি পরিলক্ষিত হয়। যথা-

বিষয়টির সত্যতা নিরূপণের লক্ষ্যে এসএআরসি কর্তৃপক্ষ লালমনিরহাটস্থ সংশ্লিষ্ট প্রকল্পসমূহে সরেজমিন পরিদর্শনের (On-site Supervision) আনুষ্ঠানিক অনুরোধ জানায়; কিন্তু এ্যাগ্রো নেক্সট দায়িত্বশীল কর্তৃক বিভিন্ন অজুহাতে উক্ত কার্যক্রমে সহযোগিতা প্রদান করতে কালক্ষেপণ করতে থাকে।

প্রাপ্ত ফলাফল:

পরবর্তীতে প্রাপ্ত তথ্য-উপাত্ত, নথিপত্র ও সার্বিক পর্যবেক্ষণের ভিত্তিতে এসএআরসি নিশ্চিত হয়েছে যে, নিম্নোক্ত প্রজেক্টসমূহে-

1. Fish Project-7,
2. Baby Fish-1,
3. Cattle Project-6,
4. Goat Project-4
5. Fish Project-6,
6. Duck Project,
7. Hanba Project-3,
8. Special Straw-1



এ্যাগ্রো নেক্সটের উপরোক্ত প্রজেক্টসমূহের দায়িত্বশীল কর্তৃক মুদারাবা চুক্তির মৌলিক নীতিমালা লঙ্ঘন, ব্যবসায়িক অস্বচ্ছতা, চরম অব্যবস্থাপনা, আমানতদারিত্বে ব্যর্থতা এবং শারীয়াহ নির্দেশনা অমান্যের মাধ্যমে গুরুতর অনিয়ম সংঘটিত হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত ও অঙ্গীকার:

উদ্ধৃত পরিস্থিতিতে ০১ এপ্রিল ২০২৬ঈ. তারিখে উভয় পক্ষের মধ্যে একটি আনুষ্ঠানিক বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে এ্যাগ্রো নেক্সট কর্তৃপক্ষ সংশ্লিষ্ট দায়িত্বশীল কর্তৃক সকল অনিয়ম, খেয়ানত এবং শারীয়াহ নীতিমালা লঙ্ঘনের বিষয়সমূহ স্বীকার করে। একইসাথে এ্যাগ্রো নেক্সট সংশ্লিষ্ট দায়িত্বশীল এসএআরসি কর্তৃক নির্ধারিত শারীয়াহসম্মত প্রক্রিয়া অনুসরণ করে বিনিয়োগকারীদের সম্পূর্ণ অর্থ পরিশোধে অঙ্গীকারবদ্ধ হয়।

অতএব, বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ এবং শারীয়াহ নীতিমালার চূড়ান্ত অবমাননা রোধকল্পে এসএআরসি ঘোষণা করছে যে, এ্যাগ্রো নেক্সট-এর সাথে সম্পাদিত কনসালটেন্সি চুক্তি (Consultancy Deed/Agreement)-এ বর্ণিত ক্ষমতা বলে নন-কমপ্লায়েন্সের কারণে এসএআরসি কর্তৃক ০৮ এপ্রিল ২০২৬ঈ. তারিখ হতে কনসালটেন্সি চুক্তি (Consultancy Deed/Agreement) বাতিল (Terminate) করা হলো।

ভবিষ্যতে এসএআরসি থেকে কনসালটেন্সি সেবা পেতে হলে নিম্নের শর্তাবলী পূরণ করে নতুন চুক্তি করতে হবে:

১. এ্যাগ্রো নেক্সট তাদের প্রদত্ত অঙ্গীকার অনুযায়ী সকল বিনিয়োগকারীর প্রাপ্য অর্থ সম্পূর্ণ পরিশোধ করবে।
২. ভবিষ্যৎ কার্যক্রমে শারীয়াহসম্মত ব্যবসায়িক মানদণ্ড, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার বিষয়ে সন্তোষজনক প্রমাণ উপস্থাপনে সক্ষম হতে হবে।

এসএআরসি পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে এবং প্রয়োজনবোধে পরবর্তী পদক্ষেপ গ্রহণ ও অবহিত করবে।



			
মুকতী মাসুম বিল্লাহ	মুকতী ইলিয়াস হুসাইন	মুকতী আবদুর রহমান হুসাইনী	মুকতী আমীমুল ইহসান
চেয়ারম্যান	ম্যানেজিং ডিরেক্টর,	ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর,	ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর,
এসএআরসি	এসএআরসি	এসএআরসি	এসএআরসি
Founder & Chairman	Managing Director	Director	Director
Shariah Advisory & Research Council (SARC)	Shariah Advisory & Research Council (SARC)	Shariah Advisory & Research Council (SARC)	Shariah Advisory & Research Council (SARC)
			মুকতী আব্দুল হামিদ,
			সিএসএএ
			এক্সিকিউটিভ ডিরেক্টর,
			এসএআরসি